# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৪১.২০২৬/৫৪৭ তারিখঃ২৮/০৭/২০২৬খ্রিঃ

জনাব মোঃ শাহজাহান আলী
(পরিচিতি নং-০০১৩১৫)
শুল্ক প্রহরী (সাময়িক বরখাস্তকৃত)
বন্দর ও পরিবহন বিভাগ
বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম
(বর্তমান কর্মস্থল, ঢাকা)।

বিষয়ঃ অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব মোঃ শাহজাহান আলী (পরিচিতি নং-০০১৩১৫), শুল্ক প্রহরী, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে "কুমিরা-গুপ্তছড়া টার্মিনাল ঘাট" এবং "বাঁশবাড়িয়া ফেরিঘাট" এলাকায় দায়িত্ব পালনকালীন সময়ে নারী যাত্রীদের সাথে অশোভনীয় আচরণের অভিযোগের সত্যতা প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় কারণে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১০৭৭/২০২৬; তারিখঃ ১৬/০৬/২০২৬খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে; এবং

০২। যেহেতু, আপনি "কুমিরা-গুপ্তছড়া টার্মিনাল ঘাট" এবং "বাঁশবাড়িয়া ফেরিঘাট" এলাকায় দায়িত্ব পালনকালীন সময়ে নারী যাত্রীদের সাথে অশোভনীয় আচরণ করায় কর্তৃপক্ষের সুনাম ক্ষুন্ন হয়েছে; এবং

০৩। যেহেতু, আপনার উর্পযুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী বিধির পরিপন্থি এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(খ) প্রবিধান অনুসারে "অসদাচরণ" এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৪। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(খ) প্রবিধান অনুসারে "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই প্রবিধানমালার ৩৬(১)(আ) (ছ) প্রবিধি অনুযায়ী কেন আপনাকে "চাকুরী হতে বরখাস্ত" করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত প্রবিধানমালার ৩৯(১)(খ) প্রবিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ মুহিদুল ইসলাম)
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ।

অনুলিপি

০১। পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। উপ-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
০৪। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
০৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৬। নথি।

২৮/৭/২০২৬
(এস. এম. শাহেদ রেজা)
পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
বিআইডব্লিউটিএ।

E/ D.P অভিযোগনামা